বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
গাইবান্ধা।
www.ecs.gov.bd

নম্বর: ১৭.০৮.৩২০০.০০০.৪৪.০৭৫.২৬-৪৯৯

তারিখঃ ২৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিষয় : উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর পত্র নং ১৭.০০.০০০০.০৯০.৪৪.০১২.২৬-৩৭১; তারিখ: ১৫ জুলাই ২০২৬ খ্রি: এর নির্দেশনা মোতাবেক আমি মোহাম্মদ শহিদুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে গাইবান্ধা জেলার ০৭টি উপজেলার সকল ভোটার এলাকার ভোটারগণের ভোটপ্রদানের সুবিধার্থে খসড়া ভোটকেন্দ্রের তালিকা অদ্য ১০ আগস্ট ২০২৬ খ্রি: প্রকাশ করছি।

২। খসড়া ভোটকেন্দ্রের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা, জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, গাইবান্ধা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয় (সকল), উপজেলা পরিষদ (সকল), সংশ্লিষ্ট পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদে আগামী ১৮ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে।

৩। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষ্যে প্রকাশিত খসড়া ভোটকেন্দ্রের তালিকা সম্পর্কে যদি দাবী/আপত্তি/সুপারিশ থাকে তাহলে জেলা নির্বাচন অফিসার বরাবর উপযুক্ত প্রমাণাদিসহ লিখিত আবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে, অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আগামী ১৮ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দাখিল করা যাবে। প্রকাশিত ভোটকেন্দ্রের খসড়া তালিকা সম্পর্কিত প্রাপ্ত আবেদনসমূহ শুনানী/পরিদর্শনপূর্বক আগামী ২৩ আগস্ট ২০২৬ খ্রি: নিস্পত্তি করে সম্ভাব্য চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা আগামী ২৭ আগস্ট ২০২৬ খ্রি: প্রকাশ করা হবে।

সংযুক্তি: খসড়া ভোটকেন্দ্রের তালিকা ৪৭ ফর্দ।

১০-০৮-২০২৬

(মোহাম্মদ শহিদুল ইসলাম)
জেলা নির্বাচন অফিসার
গাইবান্ধা।
ফোন: ০২৫৮৭-৭১০০৩৭
deogaibandha.ec@gmail.com

বিতরণ:জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
০৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৫। প্রশাসক ........................ (সকল), উপজেলা পরিষদ, গাইবান্ধা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার ...................... (সংশ্লিষ্ট), গাইবান্ধা।
০৭। প্রশাসক, গাইবান্ধা/সুন্দরগঞ্জ/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ পৌরসভা, গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৮। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৯। উপজেলা নির্বাচন অফিসার .................. (সংশ্লিষ্ট), গাইবান্ধা (খসড়া ভোটকেন্দ্রের তালিকা তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন ও ০১ কপি খসড়া ভোটকেন্দ্রের তালিকা সংশ্লিষ্টগণের মাঝে বিতরণের অনুরোধসহ)।
১০। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ ................ (সংশ্লিষ্ট), গাইবান্ধা। (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য এবং সংশ্লিষ্ট ইউনিয়নে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, ............. প্রেস ক্লাব, গাইবান্ধা।
১২। নোটিশ বোর্ড।